

৩
রিটার্নিং অফিসারের কার্যালয়, হবিগঞ্জ।

স্মারক নং-১৭.০৭.৩৬০০.০০০.৩৬.০০১.২৩-২০২

তারিখঃ ২১/১১/২০২৩ খ্রিঃ

পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন:

- ক. ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;
- খ. কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোট কেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
- গ. বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিবর্গকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ায় সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, হবিগঞ্জ জেলার ০৪ টি সংসদীয় আসনের [২৩৯ হবিগঞ্জ-১, ২৪০ হবিগঞ্জ-২, ২৪১ হবিগঞ্জ-৩, ২৪২ হবিগঞ্জ-৪] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করতে পারবেন।

তারিখ ২ ১ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

Abul Chanda
21/11/2023
(দেবী চন্দ)

জেলা প্রশাসক, হবিগঞ্জ

৩

রিটার্নিং অফিসার

নির্বাচনী এলাকাঃ- ২৩৯ হবিগঞ্জ-১,
২৪০ হবিগঞ্জ-২, ২৪১ হবিগঞ্জ-৩, ২৪২ হবিগঞ্জ-৪
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
তারিখঃ ২১/১১/২০২৩ খ্রিঃ

স্মারক নং-১৭.০৭.৩৬০০.০০০.৩৬.০০১.২৩-২০২(১৬)
অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) -

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
৪. পুলিশ সুপার, হবিগঞ্জ
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
৬. উপপরিচালক (স্থানীয় সরকার), জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ (তাকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. জেলা নির্বাচন অফিসার, হবিগঞ্জ
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), হবিগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার (তাকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯. জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ (তাকে বহল প্রচারের অনুরোধ করা হলো)
১০. উপজেলা নির্বাচন অফিসার (সকল), হবিগঞ্জ (তাকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১. অফিসার ইনচার্জ (সকল থানা), হবিগঞ্জ
১২. সভাপতি/সাধারণ সম্পাদক, হবিগঞ্জ প্রেস ক্লাব, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি স্থানীয় পত্রপত্রিকায় বিনামূল্যে প্রচারের অনুরোধসহ)
১৩. অফিস নোটিশ বোর্ড

Abul Chanda
21/11/2023
(দেবী চন্দ)

জেলা প্রশাসক, হবিগঞ্জ

৩

রিটার্নিং অফিসার

নির্বাচনী এলাকাঃ- ২৩৯ হবিগঞ্জ-১,